

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ফেব্রুয়ারি ১৭, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অর্থ বিভাগ

(বাস্তবায়ন অনুবিভাগ)

প্রজ্ঞাপন

তারিখ : ২৯ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ/১২ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৪২-আইন/২০২০ —সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ১৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ০১ পৌষ, ১৪২২ বঙ্গাব্দ মোতাবেক ১৫ ডিসেম্বর, ২০১৫ খ্রিস্টাব্দ তারিখের এস, আর, ও নং ৩৭২-আইন/২০১৫ দ্বারা জারিকৃত চাকরি (বাংলাদেশ পুলিশ) (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিব, যথা :—

উপরি-উক্ত আদেশের—

- (ক) অনুচ্ছেদ ১৭ এর উপ-অনুচ্ছেদ (২) এর সারণির দ্বিতীয় কলামে উল্লিখিত মাসিক বাড়ি ভাড়া ভাতার হার সংক্রান্ত শিরোনামের দ্বিতীয় কলামের উপ-শিরোনাম “চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট, বরিশাল, রংপুর, নারায়ণগঞ্জ ও গাজীপুর সিটি কর্পোরেশন এবং সাভার পৌর এলাকার জন্য” এর পরিবর্তে “চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট, বরিশাল, রংপুর, নারায়ণগঞ্জ, গাজীপুর ও ময়মনসিংহ সিটি কর্পোরেশন এবং সাভার পৌর এলাকার জন্য” উপ-শিরোনাম প্রতিস্থাপিত হইবে; এবং
- (খ) অনুচ্ছেদ ১৮ এর উপ-অনুচ্ছেদ (৭) এর সারণির দ্বিতীয় কলামে উল্লিখিত মাসিক বাড়ি ভাড়া ভাতার হার সংক্রান্ত শিরোনামের দ্বিতীয় কলামের উপ-শিরোনাম “চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট, বরিশাল, রংপুর, নারায়ণগঞ্জ ও গাজীপুর সিটি কর্পোরেশন এবং সাভার পৌর এলাকার জন্য” এর পরিবর্তে “চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট, বরিশাল, রংপুর, নারায়ণগঞ্জ, গাজীপুর ও ময়মনসিংহ সিটি কর্পোরেশন এবং সাভার পৌর এলাকার জন্য” উপ-শিরোনাম প্রতিস্থাপিত হইবে।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সত্যজিত কর্মকার
অতিরিক্ত সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd.

(২৩৩৫)

মূল্য : টাকা ৪.০০